

১৫.০২.২০১৭ তারিখ বেলা ১১.০০ টায় উপ-উপাচার্য মহোদয়ের অফিস কক্ষে
“ শিক্ষা কার্যক্রম মনিটরিং সেল” এর প্রথম সভার কার্যবিবরণী :-

প্রফেসর ড. শিরীন আখতার, উপ-উপাচার্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও আহ্বায়ক, “ শিক্ষা কার্যক্রম মনিটরিং সেল” সভায় সভাপতিত্ব করেন।

সভায় নিম্নোক্ত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন :-

১. আহ্বায়ক, ডিনস্ কমিটি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
২. সাধারণ সম্পাদক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
৩. প্রফেসর ড. মোহাম্মদ মহীবুল আজিজ, সিন্ডিকেট সদস্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
৪. রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
৫. প্রফেসর ড. মোহাম্মদ সফিউল আলম, প্রভোস্ট, আলাওল হল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
৬. পরীক্ষা নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।

সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

সিদ্ধান্ত -১: সভার শুরুতে যুগোপযোগী সিদ্ধান্ত হিসাবে “শিক্ষা কার্যক্রম মনিটরিং সেল” গঠনের জন্য উপাচার্য মহোদয়কে কমিটির পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

সিদ্ধান্ত -২: প্রত্যেক বিভাগের/ইনস্টিটিউটের একাডেমিক ক্যালেন্ডার (ক্লাস রুটিন, পরীক্ষার রুটিন, ফলাফল প্রকাশের সম্ভাব্য তারিখ) মনিটরিং সেলে প্রেরণের জন্য বিভাগের সভাপতি/ইনস্টিটিউটের পরিচালককে অনুরোধ করা হোক।

সিদ্ধান্ত -৩: প্রত্যেক বিভাগের/ ইনস্টিটিউটের একাডেমিক কমিটির সিদ্ধান্ত ক্রমে বিভাগের/ ইনস্টিটিউটের একাডেমিক কার্যক্রম পর্যবেক্ষণ এবং মনিটরিং সেলের সাথে সমন্বয় সাধনের জন্য ০১ বছর মেয়াদের জন্য ০১ জন বিভাগীয়/ ইনস্টিটিউটের শিক্ষককে “কাউন্সিলর” নিযুক্ত করে মনিটরিং সেলকে অবহিত করার জন্য বিভাগের সভাপতি/ ইনস্টিটিউটের পরিচালককে অনুরোধ করা হোক।

সিদ্ধান্ত -৪: এখন থেকে বিভাগ/ ইনস্টিটিউটসমূহের একাডেমিক কার্যক্রম পর্যবেক্ষণের জন্য মনিটরিং সেল আকস্মিকভাবে বিভাগ/ইনস্টিটিউটসমূহ পরিদর্শনে যাবেন। বিষয়টি সকল শিক্ষককে অবহিত করার জন্য বিভাগের সভাপতি/ ইনস্টিটিউটের পরিচালককে অনুরোধ করা হোক।

সিদ্ধান্ত -৫: কোন শিক্ষক যে কোন ধরনের ছুটিতে থাকলে সেক্ষেত্রে বিভাগের সভাপতি/ ইনস্টিটিউটের পরিচালক যথাযথভাবে রেজিস্টার সংরক্ষণ করবেন ও প্রয়োজনে “ শিক্ষা কার্যক্রম মনিটরিং সেল” এর সাথে আলাপ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

সিদ্ধান্ত -৬: পরীক্ষা কমিটির সভাপতিগণ পরীক্ষার খাতা বিতরণের, খাতা গ্রহণের এবং ফলাফল প্রকাশের তারিখসহ যাবতীয় তথ্যাদি সংরক্ষণ করবেন এবং “শিক্ষা কার্যক্রম মনিটরিং সেল” এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করবেন। যে কোন প্রয়োজনে পরীক্ষা কমিটির সভাপতি “শিক্ষা কার্যক্রম মনিটরিং সেল” এর সহযোগিতা গ্রহণ করতে পারবেন।

সিদ্ধান্ত -৭: প্রতি মাসে অন্তত:পক্ষে ০১ (এক) টি করে “শিক্ষা কার্যক্রম মনিটরিং সেল” এর সভা আহ্বান করার ব্যবস্থা গ্রহণ করা হোক।

সি ২২/০২/১৭
(প্রফেসর ড. শিরীন আখতার)

উপ-উপাচার্য
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

ও

আহ্বায়ক

সৈয়দ মনোয়ার আলী
২২/০২/২০১৭

(সৈয়দ মনোয়ার আলী)
ডেপুটি রেজিস্ট্রার (একা)

রেজিস্ট্রার দপ্তর
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

ও সচিব